মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.২০৫.১৮.০০২.২০.৫৯৯৭ তারিখ: ২৭ জুন ২০২১

বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৯৯ তারিখঃ ২৭ জুন ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকার কর্তৃক সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ সূত্রস্থ পত্রে বর্ণিত শর্ত সাপেক্ষে ২৮ জুন ২০২১ তারিখ সকাল ০৬:০০ ঘটিকা হতে ০১ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬:০০ ঘটিকা পর্যন্ত আরোপ করা হয়েছে। এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের পত্রটির ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বর্ণিত সময়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১। বর্ণিত সময়ে বিআরডিবি'র সকল কার্যালয় স্বাস্থ্যবিধি প্রতিপালন করে খোলা থাকবে এবং প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে যথাযথভাবে দায়িত্ব পালন করবেন।

২। বর্ণিত সময়ে বিআরডিবি'র সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করতে হবে।

৩। স্বাস্থ্যবিধি মেনে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মাঠ পর্যায়ে উপকারভোগীদের সাথে যোগাযোগ অব্যাহত রেখে গ্রামীণ জীবন-জীবিকা ও অর্থনীতি সচল রাখার স্বার্থে ঋণ কার্যক্রম চালু রাখতে হবে।

৪। বিআরডিবি কর্তৃক গৃহীত এসএমই ঋণ বিতরণের কার্যক্রমসহ ক্রাশ প্রোগ্রামের মনিটরিং ও রিপোর্টিং কার্যক্রম অব্যাহত থাকবে।

৫। ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে শতভাগ ব্যয় ও কর্মসূচি বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। বর্ণিত বিধি-নিষেধকে আশ্রয় করে কর্তব্য কাজে অবহেলার কারণে কোন প্রকার হস্তমজুদ/আত্মসাত হলে কিংবা ৩০ জুন ২০২১ তারিখের সময়াবদ্ধ কার্যক্রম অনিষ্পন্ন থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে এর দায় বহন করতে হবে।

এস এম ফিরোজ আলম
যুগ্মপরিচালক (প্রশাসন)

বিতরণ (কার্যার্থে):

১। যুগ্মপরিচালক (সকল), ...............বিআরডিবি, ঢাকা।
২। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক নির্বাহী পরিচালক (সকল), ...........বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
৩। উপপরিচালক (সকল),.................. বিআরডিবি, ঢাকা/............ জেলা।
৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ......... উপজেলা, ..............জেলা।

সদয় অবগতির জন্যঃ

১। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৯৯

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮ / ২৭ জুন ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।

সূত্র:
(১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০, তারিখ: ১২.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪, তারিখ: ১৩.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৬, তারিখ: ২০.০৪.২০২১
(৪) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৩৪, তারিখ: ২৮.০৪.২০২১
(৫) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১, তারিখ: ০৫.০৫.২০২১
(৬) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫১, তারিখ: ১৬.০৫.২০২১
(৭) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৪, তারিখ: ২৩.০৫.২০২১
(৮) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৭, তারিখ: ৩০.০৫.২০২১
(৯) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৬১, তারিখ: ০৬.০৬.২০২১
(১০) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৮৪, তারিখ: ১৬.০৬.২০২১
(১১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৮৭, তারিখ: ২১.০৬.২০২১

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় সূত্রস্থ স্মারকসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে **২৮ জুন ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০১ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত** নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো-

(ক) সারা দেশে পণ্যবাহী যানবাহন ও রিক্সা ব্যতীত সকল গণপরিবহন বন্ধ থাকবে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক নিয়মিত টহলের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করতে হবে;

(খ) সকল শপিংমল, মার্কেট, পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

(গ) খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (শুধুমাত্র **Online/Take way**) করতে পারবে;

(ঘ) সরকারি-বেসরকারি অফিস/প্রতিষ্ঠানসমূহে শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে নিজ নিজ অফিসের ব্যবস্থাপনায় তাদের আনা-নেয়া করতে হবে; এবং

(ঙ) জনসাধারণকে মাস্ক পরার জন্য আরও প্রচার-প্রচারণা চালাতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭.০৬.২০২১


(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd


সিনিয়র সচিব/সচিব (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।